তারিখ ... 16 NOV 2016 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৪ ...

কালের কণ্ঠ

### হাইকোর্টের রুল জারি

# মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা কেন বাতিল নয়

**নিজস্ব প্রতিবেদক ▷**

মেডিক্যাল কলেজে ২০১৬-১৭ সেশনের ভর্তি পরীক্ষা কেন বাতিল করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একই সঙ্গে রুলে মেডিক্যালে ভর্তিতে মেয়েদের জন্য ৩০ শতাংশ কোটা সংরক্ষণে কেন নির্দেশ দেওয়া হবে না এবং বেসরকারি মেডিক্যাল কলেজে ভর্তিতে বিদেশি শিক্ষার্থীদের জন্য ৫০ শতাংশ কোটা সংরক্ষণ কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে।

বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকী ও বিচারপতি শেখ হাসান আরিফের হাইকোর্ট বেঞ্চ গতকাল মঙ্গলবার এ আদেশ দেন। স্বাস্থ্যসচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক, ইব্রাহিম মেডিক্যাল কলেজ, ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ, হলি ফ্যামিলি মেডিক্যাল কলেজ ও বাংলাদেশ মেডিক্যাল কলেজের অধ্যক্ষসহ ৯ জনকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

'বিদেশি কোটায় দেশি শিক্ষার্থী ভর্তি' শিরোনামে গত ১৩ ফেব্রুয়ারি একটি জাতীয় দৈনিকে প্রতিবেদন প্রকাশ হয়। ওই প্রতিবেদনে বলা হয়, 'গত শিক্ষাবর্ষে বিদেশি শিক্ষার্থীদের জন্য বেসরকারি মেডিক্যাল কলেজে ৪০ শতাংশ কোটা বরাদ্দ ছিল। এতে সর্বোচ্চ ৫ শতাংশ বিদেশি শিক্ষার্থী ভর্তি হয়েছিল। ২০১১-১২ শিক্ষাবর্ষে বিদেশি কোটা ছিল মাত্র ২৫ শতাংশ। ওই সময়ও ৫ শতাংশের বেশি শিক্ষার্থী ভর্তি হয়নি। এরপর চলতি বছর বিদেশি শিক্ষার্থীদের ভর্তিক্ষেত্রে ১০ শতাংশ কোটা বাড়িয়ে ৫০ শতাংশ করা হয়েছে।' এ প্রতিবেদন যুক্ত করে রিট আবেদন করেন সুপ্রিম কোর্টের আইনজীবী ড. ইউনুছ আলী আকন্দ। গতকাল আদালতে শুনানি করেন ইউনুছ আলী আকন্দ। রাষ্ট্রপক্ষে ছিলেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মুরাদ রেজা।